ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২ ১৬৯
কাঞ্চনপুর,৬ আগস্ট,২০২৫

# কাঞ্চনপুরে স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি

যথাযোগ্য মর্যাদায় আগামী ১৫ আগস্ট কাঞ্চনপুর পঞ্চায়েত মাঠে কাঞ্চনপুর মহকুমাভিত্তিক ৭৯তম স্বাধীনতা দিবস পালন করা হবে। এই দিবসটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালন করার উদ্দেশ্যে গতকাল কল্যাণপুর রেভেনিউ ডাকবাংলোতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার। সভায় আলোচনায় অংশ নিয়ে কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার জানান, এবছর কাঞ্চনপুর মহকুমায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে স্বাধীনতা দিবস পালন করা হবে। এরমধ্যে রয়েছে প্রভাতফেরি, জাতীয় পতাকা উত্তোলন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন খেলাধুলা। প্রস্তুতি সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, ক্লাব ও বাজার কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এই জাতীয় অনুষ্ঠানকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য মহকুমা শাসক সকলের সহযোগিতা কামনা করেছেন।

*****